

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ টেলিভিশন
সদর দপ্তর
রামপুরা, ঢাকা-১২১৯
www.btv.gov.bd

অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে অংশীজনের সমন্বয়ে অবহিতকরণ সভার কার্যবিবরণী

সভাপতি	:	ড. মোঃ জাহাঙ্গীর আলম মহাপরিচালক
তারিখ	:	০৮.০৬.২০২৪
সময়	:	সকাল ১২:০০ টা
স্থান	:	নাটোর টিভি উপকেন্দ্র, নাটোর
সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ	:	পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় নাটোরের জেলা প্রশাসক জনাব আবু নাসের ভূইয়া, কন্ট্রোলার/লাইসেন্স ম্যানেজার, নাটোর/রাজশাহী উপকেন্দ্র প্রধান, জেলা সংবাদ প্রতিনিধি, নাটোরের কেবল/ফিড অপারেটর, টেলিভিশন বিক্রেতা এবং আবাসিক হোটেলের প্রতিনিধি অংশগ্রহণ করেন। সভাপতি বলেন, সুশাসন প্রতিষ্ঠায় সর্বক্ষেত্রেই স্বচ্ছতা ও জবাবদিহিতার সাথে দাপ্তরিক কার্যক্রম সম্পাদনসহ সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) অনুযায়ী দাপ্তরিক কর্মে শুদ্ধাচার প্রতিষ্ঠিত করতে হবে। নাগরিকগণের মতামত গ্রহণ এবং অভিযোগসমূহ স্বচ্ছতা ও নিরপেক্ষতার সঙ্গে নিষ্পত্তি ও সংরক্ষণের কার্যকর পদ্ধতি অনুসরণ করা হচ্ছে। অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকায় স্বচ্ছতা ও জবাবদিহির সঙ্গে সেবা প্রদানে সরকারি কর্মকর্তাগণকে অনুপ্রাণিত করার মাধ্যমে জনবান্ধব প্রশাসন গড়ার লক্ষ্যে বিভিন্ন দিক নির্দেশনা রয়েছে। অনলাইন জিআরএস-এ নাগরিকদের নিকট হতে বিটিভিতে এ পর্যন্ত প্রাপ্ত ৩৯টি অভিযোগের কার্যক্রম গ্রহণপূর্বক নিষ্পত্তি করা হয়।

কেবল অপারেটর জনাব আনিসুল ইসলাম বলেন, বিটিভির নিয়মনীতি মেনে কেবল/ফিড অপারেটরগণ কাজ করছেন। বিটিভির সম্প্রচারে ডিজিটাল এবং এনালগ দুটি সিস্টেম বিদ্যমান থাকায় বিভ্রান্তিতে পড়তে হয়। কেবল অপারেটরদের শতভাগ ডিজিটাল সেটআপ আছে; কিন্তু সরকারের গাইডলাইন চূড়ান্ত না হওয়ায় দ্বিধাদ্বন্দ্বের মধ্যে থাকতে হয়। কেবল অপারেটর জনাব আজিজুল হক বাবু বলেন, লাইসেন্স প্রক্রিয়া অনুসরণ করে তিনি ব্যবসা করছেন। কিন্তু লাইসেন্স ছাড়াও কেউ কেউ ব্যবসা করছেন, এটি দেখা প্রয়োজন। কেবল অপারেটর জনাব রেজাউল করিম বলেন, তিনি লাইসেন্স নবায়ন করতে পারছেন না। তিনি আরো বলেন, ফিড অপারেটর ও কেবল অপারেটরের মধ্যে পার্থক্য রয়েছে; দুটির খরচ ভিন্ন। তিনি লাইসেন্সের খরচ কমানোর জন্য বলেন এবং লাইসেন্স ব্যতীত ড্রেড লাইসেন্স দিয়ে যারা ব্যবসা করছেন তাদেরকে লাইসেন্সের আওতায় আনার অনুরোধ জানান। ইন্টারনেট লাইন নিয়ে যারা ডিসের ব্যবসা করছেন তা বন্ধ হওয়া দরকার।

কন্ট্রোলার/লাইসেন্স ম্যানেজার জনাব জুলফিকার রহমান কোরাইশী বলেন সরকারি নিয়মনীতি অনুসরণ করে জেলা প্রশাসকের মতামতের ভিত্তিতে লাইসেন্স ইস্যু করা হয়। লাইসেন্স ফি সরকার নির্ধারণ করে বিধায় বিটিভি কর্তৃক লাইসেন্স ফি হ্রাস/বৃদ্ধি করার সুযোগ নেই। মেরামতকারী প্রতিষ্ঠানের লাইসেন্সের বাধ্যবাধকতা রয়েছে। তাদের নামের তালিকা প্রকাশ করে লাইসেন্সের আওতায় আনার ব্যবস্থা নেয়া হবে। তিনি ফিড সংযোগ দিয়ে বিনা লাইসেন্সে ব্যবসা করতে সহযোগিতা না করার জন্য কেবল অপারেটরদের অনুরোধ জানান।

চলমান পাতা-০২

সভাপতি বলেন, বিভিন্ন পর্যায়ের গুণীজন বিশিষ্ট ব্যক্তিবর্গ ও কেবল ব্যবসায়ী আমাদের সাথে সংশ্লিষ্ট রয়েছেন। স্থানীয় প্রতিনিধি থেকে কেন্দ্রীয় প্রতিনিধি, সরকারের উন্নয়ন ও তথ্য-উপাত্ত, জাতীয় দিবসের তাৎপর্য, মুক্তিযুদ্ধের চেতনা, স্বাস্থ্য তথ্য, কৃষি, শিক্ষা বিষয়ক অনুষ্ঠান প্রচার করা হয়। তিনি অংশীজন সকলের উপস্থিতির জন্য ধন্যবাদ জানান এবং মাঠ পর্যায়ের অংশীদার হয়ে বিটিভির সাথে থাকার/বিটিভির উন্নত বিকাশে সহায়তার প্রত্যাশা করেন।

০২। অতঃপর বিস্তারিত আলোচনার পর সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

- ক) যে কোন বিষয়ে প্রাপ্ত অভিযোগ দ্রুততার সাথে নিষ্পত্তি করতে হবে;
- খ) অনলাইন GRS এ প্রাপ্ত অভিযোগসমূহ গুরুত্বসহকারে নিষ্পত্তি করতে হবে;
- গ) বিটিভির সিটিজিন চার্টারে বর্ণিত সেবাসমূহ সেবা গ্রহীতাগণকে যথাযথভাবে প্রদান করতে হবে;
- ঘ) টিভি মেরামতকারী প্রতিষ্ঠানের নামের তালিকা হালনাগাদ করে প্রকাশ করতে হবে।

০৩। আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

সিনিয়র সিস্টেম এনালিস্ট এর কার্যালয়
তারিখ নং... ০৬০... তারিখ... ২৬/০৬/২৪

স্বা:-

ড. মোঃ জাহাঙ্গীর আলম

মহাপরিচালক

ফোন: ৫৫১৩২২২২ (অফিস)

E-mail: dg@btv.gov.bd

৩০(২)নং আশ্বাচ ১৪৩১

তারিখ: ২৬ জুন ২০২৪

নং-১৫.৫৪.০০০০.০২১.০৫.০০৩.২৩. ১৬৬০/২

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- ০১। উপমহাপরিচালক (প্রশাসন ও অর্থ/অনুষ্ঠান/বার্তা), বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।
- ০২। প্রধান প্রকৌশলী, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।
- ০৩। পরিচালক(সকল), বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।
- ০৪। জেনারেল ম্যানেজার, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা/চট্টগ্রাম কেন্দ্র।
- ০৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা (কার্যবিবরণী ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ০৬। কন্ট্রোলার/লাইসেন্স ম্যানেজার, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।
- ০৭। সহকারী পরিচালক (প্রশাসন).....(সকল), বাংলাদেশ টেলিভিশন, সদর দপ্তর, ঢাকা।
- ০৮। উপকেন্দ্র প্রধান(সকল), বাংলাদেশ টেলিভিশন।
- ০৯। মহাপরিচালক এর ব্যক্তিগত সহকারী, বিটিভি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১০। কার্যালয় নথি।

১৫/৬/২৪
২৫/৬/২৪

হাসান

সিনিয়র সিস্টেম এনালিস্ট এর কার্যালয়	
সিস্টেম এনালিস্ট	<input type="checkbox"/> প্রয়োজনীয় ব্যবস্থা লিন
প্রোগ্রামার-১	<input type="checkbox"/> উপস্থাপন করুন
প্রোগ্রামার-২	<input type="checkbox"/> কথা বলুন
পিএ	<input type="checkbox"/> তাগিদ দিন
সিনিয়র সিস্টেম এনালিস্ট	

২৫/৬/২৪

১৫/৬/২৪
(মোঃ সিরাজুল হক ভূঞা)
উপপরিচালক (প্রশাসন)